



জীবন বীমা কর্পোরেশন প্রধান কার্যালয়, ঢাকা।

নং- ৫৩.১৯.৯০০১.০০২.০০.০০০.২০-৭২৭

তারিখঃ ১৭ ভাদ্র, ১৪২৮
০১ সেপ্টেম্বর, ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জীবন বীমা কর্পোরেশনের শূন্যপদ পূরণের লক্ষ্যে আগামী ০৩/০৯/২০২১ তারিখে উচ্চমান সহকারী পদে এবং ০৪/০৯/২০২১ তারিখে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদে ঢাকা মহানগরীর বিভিন্ন কেন্দ্রে লিখিত (MCQ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু ও স্বচ্ছতার সাথে সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে বাছাই কমিটি জিরো টলারেন্সে কাজ করছে। তবে লক্ষ্য করা যাচ্ছে যে, দুর্নীতি বিরোধী গৃহীত নানা পদক্ষেপের কারণে যে সকল ব্যক্তি/সিভিকিট অবৈধ উপায়ে আর্থিক লাভবান হওয়ার প্রচেষ্টায় রত, তারা ব্যর্থ হয়ে বিভিন্ন মিথ্যা ও বিভ্রান্তিমূলক তথ্য ছড়াচ্ছে। এমনকি তারা একাজে মিডিয়াকেও ব্যবহার করছে। তাদের উক্ত মিথ্যা তথ্যে কেউ বিভ্রান্ত হবেন না। যদি কেউ প্রমাণিত কোন তথ্য পান যা স্বচ্ছ পরীক্ষা গ্রহণের অন্তরায়, তবে তাৎক্ষণিকভাবে তা কর্তৃপক্ষের নজরে আনার জন্য (kamaltajrian@gmail.com) অনুরোধ করা হলো।

উক্ত নিয়োগ পরীক্ষা সুষ্ঠু ও স্বচ্ছতার সাথে সম্পাদনের বিষয়ে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

(মোহাম্মদ মাহবুবুল আলম)

সহকারী জেনারেল ম্যানেজার-প্রশাসন

ও

সদস্য-সচিব, বাছাই কমিটি।

বিতরণ:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জীবন বীমা কর্পোরেশন- ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য।
- ২। ম্যানেজার-জনসংযোগ, জীবন বীমা কর্পোরেশন- পত্রিকায় প্রকাশ ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য।

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ১। সদস্য (সকল), বাছাই কমিটি, জীবন বীমা কর্পোরেশন।
- ২। ম্যানেজার ও বোর্ড সেক্রেটারী, জীবন বীমা কর্পোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। পরিচালক, সেন্টার ফর এক্সটেনশন সার্ভিসেস, আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা।